



প্রধান শিক্ষকের কার্যালয় ইতকান ইন্টারন্যাশনাল স্কুল

(বাংলা, ইংরেজি ও আরবির সমন্বয়ে সর্বাধুনিক প্রযুক্তি সংবলিত স্কুল)
স্থাপিত: ২০১৯ ইং



School Code: 463291
EMIS: 309011405

স্মারক: ইইস/বন/২০২২/৬৭

তারিখ: ২৬ / রবি উলা / ১৪৪৪ হিঃ
২৩ / অক্টোবর / ২০২২ ইং
০৭ / কার্তিক / ১৪২৮ বঙ্গাব্দ

উপবৃত্তি-২০২২ (২০২৩ শিক্ষাবর্ষ) সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সকল শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষকদের জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা সহায়তা ট্রাস্ট এর মাধ্যমে ইতকান ইন্টারন্যাশনাল স্কুলের শিক্ষার্থীদের উপবৃত্তির জন্য আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। আগামী ১৫ নভেম্বর ২০২২ তারিখের মধ্যে নিম্নোক্ত কাগজপত্রসহ প্রধান শিক্ষক বরাবর আবেদন করতে হবে। বিলম্বে পাওয়া ও ত্রুটিযুক্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

আবেদনের যোগ্যতা:

১. ৯০% উপস্থিতি থাকতে হবে।
২. ৭৫% নম্বর অর্জন করতে হবে।
৩. নাসারি হতে ৪র্থ শ্রেণি পর্যন্ত আবেদন করতে পারবে।

প্রয়োজনীয় কাগজপত্র:


১. ব্যাংক এশিয়া, এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে টাকা পরিশোধিত হবে। শিক্ষার্থী ও অভিভাবকের ব্যাংক এশিয়া, এজেন্ট ব্যাংকিং এর হিসাব চালু করে হিসাব নম্বর জমা দিতে হবে।
২. পৌরসভার মেয়র / ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক শিক্ষার্থীর পিতার মাসিক আয়ের সনদ।
৩. পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের অনুলিপি।
৪. শিক্ষার্থীর জন্মসনদের অনুলিপি ও মূলকপি।
৫. শিক্ষার্থীর দুই কপি পাসপোর্ট সাইজ ছবি।
৬. প্রধান শিক্ষকের সুপারিশপত্র।

২০২১ শিক্ষাবর্ষে উপবৃত্তি প্রাপ্তদের আবেদন করার প্রয়োজন নেই।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো:

০১. চেয়ারম্যান, ইতকান ইন্টারন্যাশনাল স্কুল
০২. পরিচালক (প্রশাসন)
০৩. সভাপতি/ সাধারণ সম্পাদক, অভিভাবক সমন্বয় কমিটি
০৪. কনভেনার (সকল শিক্ষার্থী ও অভিভাবকদের অবগতির জন্য)
০৫. শিক্ষক (সকল)
০৬. আইটি বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
০৭. দপ্তর কপি

প্রধান শিক্ষক (চলতি দায়িত্ব)


১০.২৬.২০২২
মোঃ আব্দুর রহমান হানফী
প্রধান শিক্ষক (চলতি দায়িত্ব)
ইতকান ইন্টারন্যাশনাল স্কুল
আইডি: ৪৬৩২৯
ইতকান ইন্টারন্যাশনাল স্কুল

অফিস ঠিকানা:

মালঞ্চ (মেন্দীবাগ), মানিকগঞ্জ পৌরসভা/০৪,
মানিকগঞ্জ সদর,
মানিকগঞ্জ - ১৮০০



যোগাযোগ নম্বর:

ফোন : +৮৮০৯৬-৭৮২২ ১০১৯, +৮৮০১৯-৭২৫৪২ ৬০১
ইমেইল : info@itqanschool.com
ওয়েব : www.itqanschool.com

Print Time: 7:26 PM